হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 5 AUGUST 2025 , TUESDAY | ৫ আগস্ট ২০২৫ , মঙ্গলবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-354

## শিলিগুড়ি পৌর নিগমের পঁচিশ নম্বর ওয়ার্ডে স্বাস্থ্য কেন্দ্রের কাজের সূচনা করলেন মেয়র




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৪ আগস্ট :শিলিগুড়ি পৌর নিগমের পঁচিশ নম্বর ওয়ার্ডে একটি অত্যাধুনিক স্বাস্থ্য কেন্দ্রের নির্মান কাজের সূচনা করলেন মেয়র গৌতম দেব। সোমবার ভূমি পুজা ও ভিত্তি পুজা করে নারিকেল ফাটিয়ে ভিত্তি স্থাপন করে কাজের সূচনা করে মেয়র গৌতম দেব জানান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর উদ্যোগে ও স্টেট আর্বান ডেভেলপমেন্ট এজেন্সির অর্থানুকুল্যে এই স্বাস্থ্যকেন্দ্রটি নির্মিত হবে। এটি নির্মানে ব্যয় হবে পয়ত্রিশ লক্ষ পয়ত্রিশ হাজার সাতশো তেইশ টাকা। নির্মান কাজটি হবে মিউনিসিপ্যাল ইঞ্জিনীয়ারিং ডিরেক্টরেটের তত্বাবধানে। উপস্থিত ছিলেন পৌর নিগমের চেয়ারম্যান প্রতুল চক্রবর্তী, ডেপুটি মেয়র রঞ্জন সরকার, মেয়র পারিষদ দুলাল দত্ত সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগন। মেয়র আরও জানান স্বাস্থ্য কেন্দ্রটি চালু হলে পৌর নাগরিকদের স্বাস্থ্য পরিষেবায় সুবিধা হবে।

## শিলিগুড়ি মহকুমা পরিষদে হচ্ছে ব্যপক দূর্নীতি, এই অভিযোগে প্রতিবাদ মিছিল ও বিক্ষোভ বিজেপির



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৪ আগস্ট : শিলিগুড়ি মহকুমা পরিষদে ব্যুক আর্থিক দূর্নীতি হচ্ছে এই অভিযোগে বিজেপির শিলিগুড়ি সাংগঠনিক জেলা কমিটির উদ্যোগে সোমবার আয়োজিত হয় মিছিল ও বিক্ষোভ প্রদর্শন কর্মসূচি। জানা গেছে সোমবার বিজেপি কর্মী সমর্থকরা কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম এর সামনে থেকে মিছিল করে মহকুমা পরিষদের কার্যালয়ে যান ও সেখানে বিক্ষোভ প্রদর্শন করেন। বিক্ষোভ প্রদর্শন এর পর একটি প্রতিনিধি দল মহকুমা পরিষদের সভাধিপতিকে ডেপুটেশন দেন। এদিন শিলিগুড়ি মহকুমা পরিষদের বিরোধী দলনেতা অজয় ওঁরাও জানান মহকুমা পরিষদ দপ্তরটি বর্তমানে শাসক দলের কার্যালয়ে পরিনত হয়েছে। মহকুমা পরিষদে বিরোধী সদস্যদের পাত্তা দেওয়া হয়না। বিকাল চারটায় সভার সময় দিয়ে সভা ডেকে তিনটার মধ্যেই সভা শেষ করে দেওয়া হয়। এভাবে বিরোধী সদস্যদের সভায় উপস্থিত থাকা থেকে বঞ্চিত করে রাখা হয়। তার আরও অভিযোগ তিনি জনজাতি সম্প্রদায়ের মানুষ বলে তাকে তার প্রাপ্য মর্যাদা দেওয়া হয় না। শাসক দলের নির্বাচিত প্রতিনিধিরা একের পর এক কাজ পান বিরোধী সদস্যদের কাজ দেওয়া হয়না।তিনি আরও জানান মহকুমা পরিষদের শাসক দলের সদস্যরা পরিষদের নিজস্ব তহবিল সহ কেন্দ্রীয় সরকারের পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ টাকা নয় ছয় করে আর্থিক দূর্নীতি করছে। এসবের প্রতিবাদ জানিয়ে এদিন এই কর্মসূচি পালন করা হয়।

## ম্যালেরিয়ায় নজির গড়ল কুমারগ্রাম ব্লক স্বাস্থ্য দপ্তর



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার, ৪ আগস্ট : এ যেন স্বাস্থ্যদপ্তরের জন্য স্বস্তির নিঃশ্বাস। ম্যালেরিয়ায় প্রতিবছরই রেকর্ড অতিক্রম হয়ে যায় আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকে । এইবছর কুমারগ্রাম ব্লক স্বাস্থ্য দপ্তরের প্রচেষ্টায় ম্যালেরিয়া সংখ্যা মাত্র ৫০ জন। অন্যান্য বছর এই সময় কালীন কুমারগ্রাম ব্লকে ম্যালেরিয়া সংখ্যা ৫০০ থেকে ১০০০ বেশী অতিক্রম হয়ে যায় এইবছর কুমারগ্রাম ব্লক স্বাস্থ্য দপ্তরের প্রচেষ্টায় অনেকটাই কম ।এতে স্বস্তির নিঃশ্বাস স্বাস্থ্য দপ্তরের জন্য । কুমারগ্রাম ব্লকের বিএমওএইচ ডঃ সৌম্য গায়েনের বারবার প্রচেষ্টায় মেডিকেল ক্যাম্প করে অনেকটাই ম্যালেরিয়া সংখ্যা কমেছে এবং মশারি ব্যবহার অনেকটাই সংখ্যাও বেড়েছে চা-বলয়ে। কখন রাত হতেই টিম নিয়ে হাজির হতেন বিএমওএইচ চা-বলয়ে সাধারণ মানুষকে মশারী ব্যবহার করতে আবেদন করতেন তিনি ।এছাড়াও রাত্রীকালীন রক্তের নমুনা সংগ্রহ করা হত । কুমারগ্রাম ব্লকের ম্যালেরিয়ার আতুর ঘর রায়ডাক চা-বাগান। অতীতে এই বাগানে সংক্রমণের হার ছিল প্রায় ৯০ শতাংশ এবছর এই বাগানের বর্তমান ম্যালেরিয়া শতকরা হার ২ শতাংশ । জেলা স্বাস্থ্য দপ্তরের জন্য এ এক খুশির খবর ।

## পঁচিশ কেজি গাঁজা সহ গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ৪ আগস্ট :কোচবিহার জেলা পুলিশ জেলা জুড়ে মাদকের বিরুদ্ধে অভিযান চালিয়ে একের পর এক সফলতা অর্জন করছে। কোচবিহার জেলা পুলিশের ঘোকসারডাঙ্গা থানার পুলিশ রবিবার গভীর রাতে অভিযান চালিয়ে একটি টোটো আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে টোটো গাড়ি থেকে উদ্ধার হয় পঁচিশ কেজি গাঁজা। গ্রেপ্তার করা হয় টোটো চালককে। তদন্তের স্বার্থে পুলিশ ধৃতের পরিচয় গোপন রেখেছে।সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন হয়েছে। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করা হয় ও সোমবার ধৃতকে আদালতে পেশ করা হয়। পুলিশ গাঁজা পাচারে আরও কেউ জড়িত আছে কিনা সেসব বিষয়ে তদন্ত শুরু করেছে।

# যাত্রীবাহী টোটোর পিছনে শুড় দিয়ে টান দিল বুনো হাতি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ আগস্ট : ছিপড়া নিউ প্রাইমারি স্কুল সংলগ্ন এলাকায় বুনো হাতি ভেঙ্গে দিল টোটো গাড়ী। কপাল জোরে বেঁচে গেলেন টোটো চালক নীল কুমার মোদক সহ টোটো তে থাকা যাত্রী রঞ্জিত সাহা । সোমবার ভোর পৌনে পাঁচটা নাগাদ স্কুল সংলগ্ন এলাকায় যাত্রী নিয়ে ফেরার পথে হঠাৎই আক্রমণ করে বুনো হাতি টোটো চালকের উপর। প্রাণ বাঁচাতে টোটো ছেড়ে পালিয়ে যান যাত্রী সহ টোটো চালক। টোটো চালক এবং যাত্রীর চিৎকারে এলাকার বাসিন্দারা আতঙ্কিত হয়ে পড়েন। বুনো হাতি টোটো টিকে ভেঙ্গে চুরমার করে দেয়। এরপরেই খবর দেওয়া হয় বনদপ্তরের কর্মীদের। নারার থলি বিটের বনকর্মীরা ছুটে আসেন। বনকর্মীরা ঘটনাস্থলে এসে হাতিটিকে তাড়িয়ে জঙ্গলে ঢুকিয়ে দেন। অন্যদিকে দুর্ঘটনার কথা জানানো হয় সাউথ রায়ডাক রেঞ্জের রেঞ্জ অফিসার দেবাশীষ মন্ডলকে। টোটো চালক এর কাছ থেকে জানা গেছে তার টোটো গাড়িটি বিক্রি করলে ৫০ থেকে ৬০ হাজার টাকা বাজার মূল্য ছিল। বর্তমান সময়ে একমাত্র টোটো গাড়ির ব্যাটারি ছাড়া কিছুই নেই। এই টোটো গাড়ি ঠিক করতে কম করে ৩০ থেকে ৩৫ হাজার টাকা লাগবে। বক্সার জঙ্গল থেকে প্রতিনিয়ত হাতি বের হয়ে তাণ্ডব চালাচ্ছে লোকালয়ে এসে। এর ফলে আতঙ্কিত হয়ে পড়েছেন গ্রামবাসীরা। সাউথ রায়ডাক রেঞ্জের রেঞ্জার দেবাশীষ মন্ডল জানিয়েছেন বিষয়টি নিয়ে তিনি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে ক্ষতিপূরণের ব্যবস্থা করা হবে।

# পুলিশি অভিযানে আটক তিনটি গাড়ি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ আগস্ট : একদিনে তিনটি গাড়ি আটক করেছে শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। এরমধ্যে দুটি বিলাসবহুল ব্যক্তিগত গাড়ী । তাছাড়া একটি যাত্রীবাহী অটো গাড়ি রয়েছে এমনটাই জানা গেছে পুলিশের কাছ থেকে সোমবার বিকেল ছয়টা নাগাদ। পুলিশ সূত্রে জানা গেছে সোমবার দুপুর থেকে অভিযান চালানো হয় ৩১ নম্বর জাতীয় সড়কের বিভিন্ন এলাকায়। বিকেল ছটা পর্যন্ত তিনটি গাড়িকে আটক করা হয়। মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর অপরাধে গ্রেপ্তার করা হয়েছে চালকদের। চালকদের বিরুদ্ধে সরকারি আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

# বধুর মৃত্যুর অভিযোগে গ্রেফতার স্বামী



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ আগস্ট : মাঝেরডাবরি গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ শিবকাটা এলাকা থেকে গ্রেপ্তার করা হয়েছে উজ্জ্বল দাস নামে এক ব্যক্তিকে। সোমবার বেলা দুইটা নাগাদ তাকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে। উজ্জ্বল দাস সহ তার পরিবারের আরো তিনজন এবং এক প্রতিবেশীর বিরুদ্ধে শামুকতলা থানার পুলিশের কাছে অভিযোগ দায়ের হয়েছিল উজ্জ্বল দাসের স্ত্রী পিয়ালী দাস কে বিষ খাইয়ে মেরে ফেলার অভিযোগে। এমনকি প্রমাণ লোপাট এর জন্য তার মৃতদেহ ময়নাতদন্ত পর্যন্ত করা হয়নি। গত শনিবার বিকেলে অভিযোগ দায়ের হয়েছিল শামুকতলা থানার পুলিশের কাছে। শুক্রবার সন্ধ্যায় গ্রেফতার করা হয় উজ্জ্বল দাস কে। তার বিরুদ্ধে বিভিন্ন ধারায় মামলা শুরু করা হয়েছে এবং বাকি অভিযুক্তদের খুব শীঘ্রই গ্রেপ্তার করা হবে এমনটাও জানিয়েছেন শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে।

# চা শ্রমিকরা শ্রম দপ্তরে গেলেন প্রাপ্য পাওয়ার আশায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ আগস্ট : আলিপুরদুয়ারে শ্রম দপ্তরের কর্মকর্তাদের সঙ্গে দেখা করলেন কোহিনুর চা বাগানের অবসরপ্রাপ্ত শ্রমিকরা সোমবার বেলা তিনটা নাগাদ। কোহিনুর চা বাগানে একের পর এক শ্রমিক কে জোর করে অবসর গ্রহণ করিয়ে দিচ্ছেন বাগান কর্তৃপক্ষ। প্রাপ্য টাকা তাদের হাতে তুলে না দিয়েই জোর করে অবসর গ্রহণ করাতে বাধ্য করছেন বাগান কর্তৃপক্ষ। বেশ কিছুদিন যাবৎ তারা বিভিন্নভাবে আন্দোলন চালিয়ে যাচ্ছেন তাদের প্রাপ্য আদায়ের লক্ষ্যে। সোমবার শ্রম দপ্তরের কর্মকর্তাদের সঙ্গে দেখা করে তাদের প্রাপ্য মেটানোর দাবি জানালেন অবসরপ্রাপ্ত শ্রমিকরা।

# ২৫ টি মোবাইল উদ্ধার করে উপযুক্ত মালিকের হাতে তুলে দিল আলিপুরদুয়ার থানার পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ৪ আগস্ট : কখনো হারিয়ে যাওয়া কখনো চুরি হয়ে যাওয়া মোবাইল ফোন উদ্ধার করে উপযুক্ত মালিকের হাতে তুলে দিল আলিপুরদুয়ার থানার পুলিশ। এমনটাই জানা গেছে আলিপুরদুয়ার থানার আইসির কাছ থেকে সোমবার বেলা দুটা নাগাদ। বিভিন্ন সময় চুরি যাওয়া এবং হারিয়ে যাওয়া মোবাইল ফোনের লিখিত অভিযোগ পাওয়ার পর তদন্ত নেমে আলিপুরদুয়ার জেলা পুলিশ ২৫ টি মোবাইল ফোন উদ্ধার করে উপযুক্ত মালিকের হাতে তুলে দেওয়া হয়। হারিয়ে যাওয়া মোবাইল ফোন ফিরে পেয়ে খুশি প্রকৃত মোবাইলের মালিকগণ।

# গাড়ির ধাক্কায় মর্মান্তিক মৃত্যু একটি পূর্ণ বয়স্ক চিতাবাঘের



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৪ আগস্ট :আলিপুরদুয়ার জেলার মাদারীহাট ব্লকে এশিয়ান হাইওয়ের উপর সোমবার সন্ধ্যার পর গাড়ির ধাক্কায় মর্মান্তিক মৃত্যু হয়েছে একটি পূর্ণ বয়স্ক চিতাবাঘের। অনুমান করা হচ্ছে চিতাবাঘটি সড়ক পারাপার করছিলো সেই সময় এশিয়ান হাইওয়ে ধরে চলাচলকারী কোনো গাড়ির সাথে ধাক্কা খেয়ে চিতাবাঘটির ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে। ঘাতক গাড়িটি পলাতক। খবর পেয়ে বন দপ্তরের আধিকারিকগন সহ কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে চিতাবাঘের দেহটি ময়না তদন্তের জন্য উদ্ধার করে নিয়ে যান। এই মর্মান্তিক ঘটনার জন্য দায়ী গাড়ির গতি। জঙ্গল এলাকায় ধীর গতিতে গাড়ি চালানোর জন্য বার্তা দেওয়া হয় বারবার কিন্তু কেউ তা মানেননা। গাড়ির গতি কম থাকলে হয়তো এই হৃদয় বিদারক ঘটনাটি ঘটতোনা।

# উদ্ধার আগ্নেয়াস্ত্র সহ গুলি, গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ৪ আগস্ট : মুর্শিদাবাদ জেলা পুলিশের বেলডাঙ্গা থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে সোমবার থানা এলাকায় অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে। আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় দুটি আগ্নেয়াস্ত্র, দুটি ম্যাগাজিন, পনেরো রাউন্ড গুলি ও পাঁচশো পঞ্চাশ গ্রাম গান পাউডার। আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে উদ্ধার কৃত সামগ্রী বাজেয়াপ্ত করে পুলিশ। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করা হয়েছে। তদন্তের স্বার্থে পুলিশ ধৃতের পরিচয় গোপন রেখে এই ঘটনায় অন্যান্য অভিযুক্তদের খোঁজে তল্লাশী জারী রেখেছে।

# প্রয়াত বিজেপি কর্মীর বাড়িতে গেলেন বিধায়ক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ আগস্ট : প্রয়াত বিজেপি কর্মী স্বপন পালের পরিবারের সঙ্গে দেখা করলেন কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাও সহ বিজেপির বিভিন্ন নেতৃত্বরা এমনটাই জানা গেছে বিধায়কের কাছ থেকে সোমবার বিকেল চারটে নাগাদ। শামুকতলা বিজেপি দলীয় কার্যালয়ের পাশেই তার বাড়ি। দলের একনিষ্ঠ কর্মী হিসেবে তিনি বিধায়কসহ সাংসদের খুব কাছের লোক ছিলেন। বেশ কিছুদিন যাবৎ তিনি শারীরিক সমস্যায় ভুগছিলেন। গত কয়েকদিন আগে তার মৃত্যু হয়। তার মৃত্যুতে শোকের ছায়া নেমে আসে শামুক তলায় বিজেপির দলীয় কর্মী নেতৃত্ব এবং এলাকার বাসিন্দাদের মধ্যে। সোমবার বিধায়ক সহ বিজেপির বিভিন্ন নেতৃত্বরা প্রয়াত স্বপন পালের পরিবারের সঙ্গে দেখা করে পাশে থাকার আশ্বাস দিয়ে গেছেন।

# অরবিন্দ নগরে ডিমা নদীর পাশেই যুবতী নিখোঁজ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ আগস্ট: আলিপুরদুয়ার শহরের অরবিন্দ নগরে এক যুবতী নিখোঁজ হয়ে যাওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে। এমনটাই জানা গেছে ওই এলাকার বাসিন্দা দের কাছ থেকে সোমবার বিকেল পাঁচটা নাগাদ। অরবিন্দ নগরের পাশ দিয়ে বয়ে যাওয়া ডিমা নদীতে তল্লাশি চলছে সিভিল ডিফেন্সের পক্ষ থেকে। পরিবার সূত্রে জানা গেছে ওই যুবতী সম্ভবত ডিমা নদীতে পড়ে গেছে । কলকাতায় পড়াশোনা করে ওই যুবতী। মানসিক অবসাদগ্রস্ত ছিল। তার নাম অনুশীলা তালুকদার। এলাকার বাসিন্দা থেকে শুরু করে পাড়া-প্রতিবেশীরা আতঙ্কিত হয়ে পড়েছেন ।তবে সে আদৌ নদীতে পড়ে গিয়েছে কিনা তা নিয়ে সন্দেহ রয়েছে। অনুশীলার বয়স ১৮ বছর পার হলেও সে এখনো কচি খোকার মতো চলাফেরা করে। তার পায়ের চটি নদীর কিনারে পাওয়া গেছে জানিয়েছেন তার বাবা। সোমবার সকাল ১০ টা থেকে তাকে খুঁজে পাওয়া যাচ্ছে না।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |